

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
রাজস্ব (এস. এ) শাখা
www.brahmanbaria.gov.bd



বিষয়: ভূ-সম্পত্তি জবর দখলের বিষয়ে অভিযোগ গ্রহণ ও তদন্ত কার্যক্রম মনিটরিং সংক্রান্ত জেলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ শাহগীর আলম জেলাপ্রশাসক
সভার তারিখ	২৬ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.
সভার সময়	সকাল ১১:৩০ টা
স্থান	জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ, ব্রাহ্মণবাড়িয়া।
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব), ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর জানুয়ারি-২০২৩ মাসের আলোচ্য বিষয়সমূহ পাঠ করে শোনান। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর অতিরিক্ত জেলাপ্রশাসক (রাজস্ব), ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর ফেব্রুয়ারি-২০২৩ মাসের আলোচ্য বিষয়সমূহ পাঠ করে শোনান। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়

ক্র.নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা
১.	বাংলাদেশ সরকার এবং স্থানীয় কর্তৃপক্ষের ভূমি ও বিল্ডিং (দখল পুনরুদ্ধার) অধ্যাদেশ ১৯৭০ (অধ্যাদেশ ২৪/৭০) এর বিধানমতে অবৈধ স্থাপনাসমূহ উচ্ছেদের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক জেলার গুরুত্বপূর্ণ জায়গা বিশেষ মহাসড়কে অবৈধ দখলকৃত ভূমি উদ্ধারে উচ্ছেদের লক্ষ্যে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। প্রয়োজনে মোবাইল কোর্ট এর সহযোগিতায় উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করতে হবে।	১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া। ২। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া ৩। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), ব্রাহ্মণবাড়িয়া।

২.	সহকারী কমিশনার (ভূমি), ব্রাহ্মণবাড়িয়া সদর জানান, সদর উপজেলাধীন গৌতমপাড়া মৌজার ১নং খাস খতিয়ানভুক্ত ১০৬ দাগে পথ শ্রেণির ০.৬০ একর ভূমি অবৈধ দখল হতে উদ্ধার করা হয়েছে। উদ্ধারকৃত ভূমির আনুমানিক মূল্য ২৫ লক্ষ টাকা।	উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করায় ধন্যবাদ জানানো হয়। পাশাপাশি ভূ-সম্পত্তি উদ্ধার কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর এবং সহকারী কমিশনার (ভূমি), ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া।
৩.	সহকারী কমিশনার (ভূমি), বাঞ্ছারামপুর জানান, বাঞ্ছারামপুর উপজেলাধীন দাসকান্দি মৌজার ১নং খাস খতিয়ানভুক্ত ৩৫২০ দাগে ডোবা শ্রেণির ০.২২ একর ভূমি অবৈধ দখল হতে পুনরুদ্ধার করা হয়েছে। উদ্ধারকৃত ভূমির আনুমানিক মূল্য প্রায় ৮ লক্ষ ৯২ হাজার টাকা।	উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করায় ধন্যবাদ জানানো হয়। পাশাপাশি ভূ-সম্পত্তি উদ্ধার কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, বাঞ্ছারামপুর এবং সহকারী কমিশনার (ভূমি), বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।
৪	সহকারী কমিশনার (ভূমি), কসবা জানান, কসবা উপজেলাধীন মাদলা মৌজার ১ নং খাস খতিয়ানভুক্ত ০২ দাগে নাল/টিলা শ্রেণির ২.০০ একর ভূমি অবৈধ দখল হতে পুনরুদ্ধার করা হয়েছে। উদ্ধারকৃত ভূমির আনুমানিক মূল্য প্রায় ৪০ লক্ষ টাকা।	উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করায় ধন্যবাদ জানানো হয়। পাশাপাশি ভূ-সম্পত্তি উদ্ধার কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার, কসবা এবং সহকারী কমিশনার (ভূমি), কসবা ব্রাহ্মণবাড়িয়া।
৫	সভাপতি বলেন, প্রতিমাসেই সরকারি বে-দখলীয় জমি উদ্ধারে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) গণকে তৎপর হতে হবে। চলতি মাসে বাঞ্ছারামপুর, কসবা এবং ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার খাস জমি উদ্ধার কার্যক্রম সন্তোষজনক। অন্যান্য উপজেলা হতে খাস জমি উদ্ধারের তথ্য পাওয়া যায়নি। সরকারি খাস জমি অবৈধ দখলমুক্ত রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	১। খাসজমি উদ্ধারে দায়িত্বশীল পদক্ষেপের জন্য উপজেলা নির্বাহী অফিসার বাঞ্ছারামপুর, কসবা ও ব্রাহ্মণবাড়িয়া সদর কে ধন্যবাদ জানানো হয় এবং এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। যে সকল উপজেলায় খাস জমি উদ্ধার হয়নি, উদ্ধার তৎপরতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি) গণকে অনুরোধ জানানো হয়।	১। উপজেলা নির্বাহী বাঞ্ছারামপুর, কসবা এবং ব্রাহ্মণবাড়িয়া সদর এবং সহকারী কমিশনার (ভূমি), বাঞ্ছারামপুর, কসবা এবং ব্রাহ্মণবাড়িয়া সদর ব্রাহ্মণবাড়িয়া। ২। উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর/আখাউড়া/সরাইল/আশুগঞ্জ/বিজয়নগর ও নাসিরনগর এবং সহকারী কমিশনার (ভূমি), নবীনগর/আখাউড়া/সরাইল/নাসিরনগর/ আশুগঞ্জ/বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৫.	সভাপতি বলেন যে, সরকারি বে-দখলীয় খাস জমি নিয়মিত উদ্ধার তৎপরতা অব্যাহত রাখা এবং উদ্ধারকৃত খাসজমির তথ্যাদি প্রতি মাসের ০২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে অত্রাফিসে প্রেরণ নিশ্চিত করা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	সরকারি বে-দখলীয় খাস জমি নিয়মিত উদ্ধার তৎপরতা অব্যাহত রাখা এবং উদ্ধারকৃত খাসজমির তথ্যাদি প্রতি মাসের ০২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে অত্রাফিসে প্রেরণ করতে হবে	উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি), (সকল), ব্রাহ্মণবাড়িয়া।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ শাহগীর আলম
জেলাপ্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০১২.০৬.০০৪.২৩.২৯৮

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৯
০১ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
- ৪) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
- ৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া।
- ৬) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, ব্রাহ্মণবাড়িয়া।
- ৭) নির্বাহী প্রকৌশলী, গণপুত্র বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া।
- ৮) নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ব্রাহ্মণবাড়িয়া।
- ৯) উপজেলা নির্বাহী অফিসার,(সকল), ব্রাহ্মণবাড়িয়া।
- ১০) সহকারী কমিশনার (ভূমি),(সকল), ব্রাহ্মণবাড়িয়া।
- ১১) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (কার্যবিবরণীটি ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ)।



মোঃ শাহগীর আলম
জেলাপ্রশাসক